# Important Current Affairs MCQ

## Answer with Explanation

1. (b) এয়ার চিফ মার্শল ভি আর চৌধুরি সম্প্রতি কর্ণাটকের বেঙ্গালুরুতে অবস্থিত এয়ারফোর্স কম্যান্ড হাসপাতালে ভারতের প্রথম এমার্জেন্সি মেডিক্যাল রেসপন্স সিস্টেম চালু করেছেন।

2. (a) অক্সফোর্ড ইকনমিক্স কর্তৃক প্রকাশিত 'গ্লোবাল সিটিজ ইন্ডেক্স-২০২৪ অনুযায়ী প্রথম স্থানে নিউইয়র্ক সিটি রয়েছে। এই তালিকায় দিল্লি ভারতের মধ্যে প্রথম তথা বিশ্বের মধ্যে ৩৫০তম স্থানে রয়েছে।

3. (b) সম্প্রতি ইন্টারনাশনাল সোলার অ্যালায়েন্সে'র ৯৭তম সদস্য হিসাবে নিযুক্ত হয়েছে স্পেন। চলতি বছরের মার্চ মাসে এর ৯৮তম সদস্য দেশ হিসাবে নিযুক্ত হয়েছিল পানামা।

4. (b) আরবিআই সম্প্রতি ডিভিডেন্ট হিসাবে কেন্দ্রীয় সরকারকে ২.১১ লক্ষ কোটি টাকা প্রদান করেছে যা ২০২২-২৩ অর্থবর্ষের থেকে ১৪১ শতাংশ বেশি।

5. (d) সম্প্রতি ২০২৪ সালের শাহ প্রাইজে'র অ্যাস্ট্রোনমি বিভাগে পুরস্কৃত হয়েছেন ভারতীয় বংশোদ্ভুত মার্কিন অর্থনীতিবিদ শ্রীনিবাস রামচন্দ্র কুলকার্ণি।

6. (a) সম্প্রতি ইক্যুইস্ট্রিয়ান ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রশাসনিক বিষয়ে দেখাশোনা করার জন্য নাজমা ওয়াজির'নেতৃত্বে অ্যাডহক অ্যাডমিনিস্ট্রেটিভ কমিটি গঠন করা হয়েছে। তিনি দিল্লি হাইকোর্টের প্রাক্তন বিচারপতি।

7. (b) সম্প্রতি চাদের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন আলামায়ি হালিনা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধীকারী সুসেস মাসরা'র স্থলাভিষিক্ত হলেন।

8. (d) ২২ মে ভারতের প্রতিরক্ষা বাহিনীর সাইবার প্রতিরক্ষা সংক্রান্ত বিষয়ে ক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে নতুন দিল্লিতে যে সামরিক মহড়া অনুষ্ঠিত হল তার নাম হল-Cyber Suraksha.

9. (a) সম্প্রতি কোন ভারতীয় মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক উপার্জনকারী সিইওদের তালিকায় প্রথম স্থানে রয়েছেন নিকেশ অরোরা। এই তালিকা প্রস্তুত করেছেন দ্য ওয়ালস্ট্রিট জার্নাল।

10. (b) সম্প্রতি ভারতের উত্তরপ্রদেশের মহিলা রিক্সাচালক আরতি ২০২৪ সালের 'অমল ক্লুনি ওমেন্স এম্পাওয়ারমেন্ট অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন।

11. (a) সম্প্রতি পাকিস্তানের ক্রিকেটার শাহিদ আফ্রিদি পুরুষদের আইসিসি টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের অ্যাম্বাসাডর হিসাবে নিযুক্ত হলেন। সম্প্রতি ক্রিস গেইল, যুবরাজ সিং, উসেইন বোল্টও এই টুর্নামেন্টের অ্যাম্বাসাডর হিসাবে নিযুক্ত হয়েছেন।

12. (a) ২৫ মে সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড থাইরয়েড ডে পালিত হল, যার এবছরের থিম হল- Non-Communicable Diseases.

13. (b) সম্প্রতি ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'র কমান্ড্যান্ট হিসাবে নিযুক্ত হয়েছেন গুরচরণ সিং। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ভাইস অ্যাডমিরাল অজয় কোচারের স্থলাভিষিক্ত হলেন।

14. (a) সম্প্রতি গীতানাস নৌসেদা লিথুয়ানিয়ার প্রেসিডেন্ট হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নিযুক্ত হয়েছেন। তিনি এইবারের নির্বাচনে ৭৪.৪৩ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

15. (b) DRDO'র অধীনস্ত গ্যাস টারবাইন রিসার্চ এস্টাব্লিশমেন্ট'কে (GTRE) টারবো গ্যাস জেনারেটর ইঞ্জিন সরবরাহ করার জন্য 'Azad Engineering Ltd' নামক সংস্থা বরাত পেয়েছে।

16. (a) ১৪-২২ মে সংযুক্ত আরবশাহিতে অনুষ্ঠিত ২০২৪ সালের শারজা মাস্টার্স দাবা প্রতিযোগিতায় ভারতীয় দাবাড়ু দিব্যা দেশমুখ চ্যালেঞ্জার্স খেতাব জয়লাভ করলেন।

17. (b) সম্প্রতি বেসরকারি ইন্দাসিন্দ ব্যাঙ্ক,পুনাওয়ালা ফিনকর্প লিমিটেডের সহায়তায় 'eLITE RuPay' নামক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে।

18. (d) সম্প্রতি ভারতের লোকপালের সেক্রেটারি হিসাবে নিযুক্ত হয়েছেন প্রদীপ কুমার ত্রিপাঠী। তিনি ১৯৮৭ সালের ব্যাচের AGMUT ক্যাডারের আইএএস অফিসার।

19. (d) সম্প্রতি 'ন্যাশনাল এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেডে'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন জেথাভাই ভার্বদ (আহির)। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিজেন্দর সিংয়ের স্থলাভিষিক্ত হলেন।

20. (c) সম্প্রতি পশ্চিমঘাট পর্বতে শৈবালের যে নতুন প্রজাতি'র সন্ধান পাওয়া গেছে তার নাম হল-Oedocladium Sahyadricum.

21. (a) ২৯ মে সারা বিশ্বজুড়ে ইউএন পিস কিপার্স ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Fit for the Future: Building Better Together'.

22. (c) সম্প্রতি Indian Oil Corporation Limited নামক তৈল প্রস্তুতকারক কোম্পানি ভারতীয় সেনাবাহিনীকে গ্রিন হাইড্রোজেন জ্বালানি নির্ভর বাস সরবরাহ করেছে।

23. (c) সম্প্রতি GAIL নামক কোম্পানি মধ্যপ্রদেশের বিজয়পুর কমপ্লেক্সে ভারতের বৃহত্তম গ্রিন হাইড্রোজেন প্ল্যান্ট চালু করেছে।

24. (a) আরবিআই সম্প্রতি আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডকে ১ কোটি টাকা আর্থিক জরিমানা করেছে। এর পাশাপাশি ইয়েস ব্যাঙ্ককেও ৯১ লক্ষ টাকা জরিমানা করেছে।

25. (c) সম্প্রতি ভারতের বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা পায়েল কাপাডিয়া সদ্য সমাপ্ত ৭৭তম কান চলচ্চিত্র উৎসবে পুরস্কৃত হয়েছেন।

26. (b) সম্প্রতি ভারতের প্রথম জিমন্যাস্ট দীপা কর্মকার এশিয়ান জিমন্যাস্টিক চ্যাম্পিয়নশিপে সোনার মেডেল জয়লাভ করেছেন। তিনি প্রথম ভারতীয় হিসাবে এই সম্মানে ভূষিত হয়েছেন।

27. (b) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের মোনাকো গ্রাঁপি ফর্মূলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন মোনাকো'র ফেরারি ড্রাইভাব চার্লস লেকরেক।

28. (d) ২৮ মে সারা বিশ্বজুড়ে মেনস্ট্রুয়াল হাইজিন ডে পালিত হল, যার এবছরের থিম-
'Together for a #PeriodFriendlyWorld'.

29. (a) সম্প্রতি মুথুট পাপাচান গ্রুপের বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন বিশিষ্ট বলিউড চলচ্চিত্র অভিনেতা শাহরুখ খান। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে Muthoot FinCorp Limited, Muthoot Microfin Limited, Muthoot Capital Services Limited প্রভৃতির বিপণনে সহায়তা করবেন।

30. (d) সম্প্রতি দক্ষিণ কোরিয়া নামক দেশ 'Long Range Surface-to-Air Missile (L-SAM) প্রস্তুত সম্পূর্ণ করে কম্ব্যাট রেডিনেস সার্টিফিকেশন লাভ করেছে।

31. (b) ৩০ মে প্রথম ইন্টারন্যাশনাল পোট্যাটো ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Harvesting diversity, feeding hope'.

32. (b) সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সে'স (CCRAS) আয়ুর্বেদিক ক্ষেত্রে গবেষণার জন্য সম্প্রতি 'PRAGATI-2024' নামক কর্মসূচী চালু করেছে।

33. (b) সম্প্রতি NSE Indices Limited নামক প্রতিষ্ঠান ভারতের প্রথম ইলেকট্রিক ভেইক্যাল(EV) ইন্ডেক্স চালু করেছে।

34. (d) ক্যাপিটাল স্মল ফিন্যান্স ব্যাঙ্ক লিমিটেড সম্প্রতি আইসিআইসিআই জেনারেল ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডে'র ব্যাঙ্কশায়ার পার্টনারশিপ হয়েছে।

35. (b) সম্প্রতি ভারত ২০২৪-২০২৬ সালের জন্য কলম্বো প্রোসেসে'র চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হয়েছে। ২০০৩ সালের পর থেকে ভারত এই প্রথম এই পদের জন্য নির্বাচিত হয়েছে। কলম্বো প্রোসেসে'র বর্তমান মোট সদস্য সংখ্যা হল ১২টি দেশ।

36. (d) সম্প্রতি সন্দীপ বাত্রা, আইসিআইসিআই প্রুডেন্সিয়াল লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডে'র চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এম এস রামচন্দ্রনের স্থলাভিষিক্ত হলেন।

37. (a) ৩০ মে সারা বিশ্বজুড়ে World Multiple Sclerosis Day পালিত হয়ে গেল। ২০০৯ সালে এই দিবসটি প্রথম পালন করা শুরু হয়েছিল।

38. (c) সম্প্রতি অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন নামক প্রতিষ্ঠান রিটেল কাস্টমারদের গাইড করার জন্য 'Bank Clinic' চালু করেছে।

39. (c) সম্প্রতি প্রকাশিত ব্লুমবার্গ বিলিওনারিজ ইন্ডেক্স-২০২৪ অনুযায়ী এশিয়ার ধনী ব্যক্তি হলেন আদানি গ্রুপের প্রতিষ্ঠাতা ও বর্তমান চেয়ারমান গৌতম আদানি।

40. (c) সম্প্রতি আইসল্যান্ডের সপ্তম প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন হাল্লা টমাসদোত্তির। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জি টি জোহান্নেসনে'র স্থলাভিষিক্ত হলেন।

41. (b) ১ জুন ভারতের কিংবদন্তী ক্রিকেটার দীনেশ কার্তিক সমস্ত ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন। তিনি সমগ্র ক্রীড়া জীবনে ৯৪টি একদিবসীয় ম্যাচ এবং ২৬টি টেস্ট ম্যাচ খেলেছেন।

42. (b) ২ জুন সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল সেক্স ওয়ার্কার্স ডে পালিত হয়ে গেল। ১৯৭৫ সাল থেকে এই দিনটি পালিত হয়ে আসছে।

43. (c) ২০-৩০ মে কেরলের কোচিতে কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রক ৪৬ তম আন্টার্কটিক ট্রিটি কনসালটেটিভ মিটিং এবং CEP-26-এর আয়োজন করল।

44. (d) সম্প্রতি জিও ফিন্যান্সিয়াল লিমিটেড নামক কোম্পানি ডেইলি ফিন্যান্স অ্যান্ড ডিজিটাল ব্যাঙ্কিং -এর বিটা ভার্সন চালু করেছে।

45. (a) বক্সিং ফেডারেশন অফ ইন্ডিয়া সম্প্রতি ওয়ার্ল্ড বক্সিং নামক সংস্থার সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়েছে। সম্প্রতি ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটির সাধারণ সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

46. (c) ১ জুন সারা বিশ্বজুড়ে 'গ্লোবাল ডে অফ পেরেন্টস' পালিত হয়ে গেল, যার এবছরের থিম হল 'The Promise of Playful Parenting'.

47. (c) সম্প্রতি গতিশক্তি বিশ্ববিদ্যালয় শিক্ষাক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধি করার জন্য নোকিয়া, প্লাসার এবং জেকবসে'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

48. (b) সম্প্রতি বেঙ্গালুরু'র 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্স' প্রতিষ্ঠান ২০২৪ সালের নেলসন ম্যান্ডেলা অ্যাওয়ার্ড ফর হেলথ প্রোমোশন-এ পুরস্কৃত হয়েছে।

49. (d) ভারতের রেগুলেটরি বডি সেবি সম্প্রতি যে পার্সোনাল ফিন্যান্স মোবাইল অ্যাপস চালু করেছে তার নাম হল- 'Saarthi 2.0'।

50. (c) সম্প্রতি মেক্সিকো'র প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হয়েছেন ক্লডিয়া সেনবাউম। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী

অ্যান্ড্রিয়াস ম্যানুয়েল লোপেজ ওবরাদোরে'র স্থলাভিষিক্ত হয়েছেন।

51. (d) পৃথিবীর জলবায়ুগত অঞ্চলের মেঘ ও ধূলোকণার ভূমিকা বিষয়ে তথ্যসংগ্রহের জন্য ইউরোপীয়ান স্পেস এজেন্সি যে স্যাটেলাইট উৎক্ষেপণ করতে চলেছে তার নাম হল- 'EarthCARE'.

52. (d) অরুণাচল প্রদেশের শিয়াং ভ্যালিতে সম্প্রতি পিঁপড়ে'র যে নতুন প্রজাতি'র সন্ধান পাওয়া গেছে তার নাম হল- 'Paraparatrechina neela'.

53. (d) সঠিক সময়ে 'Air Quality Index' বিষয়ে মনিটারিং করার জন্য বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে যে মোবাইল অ্যাপস চালু করা হয়েছে তার নাম হল-Air-Pravah'.

54. (d) সম্প্রতি ইউনিভার্সাল সোম্পো জেনারেল ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেড নামক বিমা কোম্পানি গ্রাহকদের জন্য 'Insure today for a safe tomorrow' নামক নতুন থিম চালু করেছে।

55. (c) সম্প্রতি কোটাক মাহিন্দ্রা লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেড নামক বিমা কোম্পানি গ্রাহকদের জন্য 'Insure today for a safe tomorrow' নামক নতুন থিম চালু করেছে।

56. (b) রাশিয়ান ভাষার ঐতিহ্য ও উন্নয়নকল্পে ৬ জুন সারা বিশ্বজুড়ে ইউএন রাশিয়ান ল্যাঙ্গুয়েজ ডে পালিত হল।

57. (d) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক প্রতিরক্ষা বাহিনীর জন্য 'Special Tele MANAS cell' গড়ে তোলার জন্য কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

58. (b) সম্প্রতি জেন্ডার সেনসিটাইজেশন অ্যান্ড ইন্টারনাল কমপ্ল্যান্টস কমিটির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন হিমা কোহলি। এই কমিটির মোট সদস্য সংখ্যা হল চেয়ারমান-সহ ১২ জন।

59. (c) সম্প্রতি প্রকাশিত ২০২৫ সালের কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‌্যাঙ্কিংয়ের প্রথম স্থানে ম্যাসাচুসেটস ইউনিভার্সিটি অফ টেকনোলজি রয়েছে। এই তালিকায় বোম্বে আইআইটি ভারতের মধ্যে প্রথম তথা সমগ্র তালিকায় ১১৮তম স্থানে রয়েছে।

60. (b) ২৭-৩১ মে সুইজারল্যান্ডের জেনেভাতে 'WSIS+20 Forum High Level Event' অনুষ্ঠিত হয়ে গেল।

61. (a) ৫ জুন সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড এনভায়রনমেন্ট ডে পালিত হয়ে গেল, যার এছরের প্রচারাভিযান স্লোগান হল 'our land. Our future.we are #GenerationRestoration.

62. (c) সম্প্রতি কেন্দ্রীয় খনি মন্ত্রক ২০২৫ সালের মধ্যে টিবি দূরীকরণের জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের টিবি ডিভিশনের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

63. (b) সম্প্রতি ওলেগ দিমিত্রিয়েভিচ কোনোনেঙ্কো মহাকাশে ১০০০ দিন অতিবাহিত করে নজির স্থাপন করেছেন।

64. (b) সম্প্রতি পিএনবি মেটলাইফ ইন্ডিয়া ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন সমীর বনসল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী আশীষ শ্রীবাস্তবের স্থলাভিষিক্ত হলেন।

65. (c) সম্প্রতি ভারতের কিংবদন্তী ফুটবলার সুনীল ছেত্রী সমস্ত ধরনের আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন। তিনি প্রথম ভারতীয় ফুটবলার হিসাবে তিনটি মহাদেশের হয়ে ফুটবল খেলার নজির স্থাপন করেছেন।

66. (b) নরেন্দ্র দামোদর দাস মোদীর নেতৃত্বাধীন এনডিএ ১৮তম লোকসভায় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করেছে। এবারের নির্বাচনে বিজেপি দল এককভাবে ২৪০টি আসন পেয়েছে।

67. (c) সম্প্রতি ভারতীয় নৌবাহিনীর প্রথম মহিলা হেলিকপ্টার পাইলট হিসাবে নিযুক্ত হয়েছেন অনামিকা বি রাজীব। সম্প্রতি তিনি গোল্ডেন উইংস সম্মানে ভূষিত হয়েছেন।

68. (a) ১০ জুন ব্রিকস গোষ্ঠীভুক্ত সদস্য দেশের বিদেশমন্ত্রীদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়ে গেল রাশিয়ার নিঝনি নোভগোরড-এ।

69. (c) সম্প্রতি আরবিআই কর্তৃক গঠিত ডিজিটাল পেমেন্ট বিষয়ক পরীক্ষামূলক কমিটির চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন অভয় প্রসাদ হোতা।

70. (a) সম্প্রতি সিকিমের মুখ্যমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হলেন প্রেম সিং তামাং।

71. (d) ৯ জুন সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল আর্কাইভস ডে পালিত হল। ২০০৮ সালে প্রথম এই দিনটি পালন করা শুরু হয়েছিল।

72. (c) ৬ জুন সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল লেবেল ক্রসিং ডে পালিত হল, যার এবছরের স্লোগান হল- 'Beware of trains. Life can change in a split second'.

73. (a) সম্প্রতি বিশ্বব্যাঙ্ক কর্তৃক প্রকাশিত 'Container Port Performance Index' অনুযায়ী ভারতের শ্রেষ্ঠ বন্দর হল বিশাখাপত্তনম বন্দর।

74. (c) সম্প্রতি রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদের ৭৯ তম অধিবেশনের চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন ফিলেমন ইয়াং। ৭৯ তম অধিবেশনের থিম হল- 'Unity in Diversity, for the advancement of peace, sustainable development, and human dignity for everyone everywhere.

75. (d) সম্প্রতি ইএসআইসি'র অস্থায়ী ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কমল কিশোর সোয়ান। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কেন্দ্রীয় শ্রমকল্যান বিভাগের সহকারি সচিব ছিলেন।

76. (a) সম্প্রতি ম্যাগনাস কার্লসেন, ২০২৪ সালের নরওয়ে চেস টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলেন। তিনি ইউএসএ'র ফ্যাবিয়ানো কারুয়ানাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

77. (c) সম্প্রতি কানাডিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের ম্যাক্স ভারস্টাপেন।

78. (b) সম্প্রতি প্রয়াত সি আর রাও ছিলেন একজন বিশিষ্ট সাংবাদিক, সাহিত্যিক ও শিক্ষাবিদ। তিনি ২০১৬ সালে পদ্মবিভূষণ সম্মানে ভূষিত হয়েছেন।

79. (d) ৮ জুন সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওশানস ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Awaken New Depths'.

80. (d) ৮ জুন সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ব্রেইন টিউমার ডে' পালিত হল, যার এবছরের থিম হল- 'Brain Health and Prevention'.

81. (c) সম্প্রতি বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্ব নর সিং এবং রোহিনী লোকান্ডে দিলীপ বোস লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

82. (c) ভারতীয় সেনাবাহিনীর জন্য সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি করা 'Man Portable Counter Drone System', AXISCADES Technologies Ltd. নামক সংস্থা তৈরি করেছে।

83. (c) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ফরাসি ওপেন প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়েছেন স্পেনের কার্লোস আলকারেজ। ফাইনালে তিনি জার্মানির আলেকজান্ডার জাভরেভকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

84. (b) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৪ সালের ফরাসি ওপেন প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হয়েছেন ইগা সোয়াটেক।

85. (a) ১২ জুন ওয়ার্ল্ড ডে এগেইনস্ট চাইল্ড লেবার-২০২৪ পালিত হল, যার এবছরের থিম হল— 'Let's act on our commitments: End Child Labour!'.

86. (d) সম্প্রতি রেগুলেটরি প্রতিষ্ঠান সেবি 'বেস্ট কন্ডাক্ট অফ বিজনেস রেগুলেটর অ্যাওয়ার্ডে' (এশিয়া-প্যাসিফিক রিজিয়ন বিভাগে) ভূষিত হয়েছে।

87. (a) সম্প্রতি অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসাবে পুনর্নিযুক্ত হলেন পেমা খান্ডু। ২০১৬ সালের ১৭ জানুয়ারি মুখ্যমন্ত্রী হিসাবে প্রথমবার দায়িত্বভার গ্রহণ করেছিলেন।

88. (b) সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রধান উপদেষ্টা হিসাবে নিযুক্ত হলেন পি কে মিশ্র। তিনি ২০১৯ সালের সেপ্টেম্বর মাসে এই পদে নিযুক্ত হয়েছিলেন।

89. (b) সম্প্রতি অসম রাজ্য সরকার 'মুখ্যমন্ত্রী নিজুত ময়না' স্কিম চালু করেছে। কন্যাশিশুদের শিক্ষার প্রসার ঘটাতে এবং বাল্যবিবাহ রুখতে এই স্কিম চালু করা হয়েছে।

90. (b) সম্প্রতি হর্ষ পতি সিংহানিয়া ইন্টারন্যাশনাল চেম্বার্স অফ কমার্সে'র ভাইস চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হয়েছেন।

91. (b) ২০২৫ সালের এফআইএইচ হকি মেন'স জুনিয়র ওয়ার্ল্ড কাপ অনুষ্ঠিত হতে চলেছে ভারতে। সম্প্রতি সুইজারল্যান্ডের লাউসান্নিতে অনুষ্ঠিত ইন্টারনাশনাল হকি ফেডারেশনের আলোচনাসভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

92. (d) সম্প্রতি প্রকাশিত ২০২৪ সালের 'Environment Performance Index'-এ ভারত ১৭৬তম স্থানে রয়েছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে এস্টোনিয়া।

93. (d) সম্প্রতি দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছেন মাতামেলা সিরিল রামাপোষা। তিনি ২০১৮ সালে দক্ষিণ আফ্রিকার প্রথম প্রেসিডেন্ট হিসাবে দায়িত্বভার গ্রহন করেছেন।

94. (b) ১-১৪ জুন গুজরাটের গান্ধীনগরে অনুষ্ঠিত অনূর্ধ্ব-২০ FIDE ওয়ার্ল্ড জুনিয়র চেস চ্যাম্পিয়নশিপে চ্যাম্পিয়ন হয়েছেন ভারতের দাবাড়ু দিব্যা দেশমুখ।

95. (c) সম্প্রতি প্রকাশিত ২০২৪ সালের গ্লোবাল পিস ইন্ডেক্স-এ ভারত ১১৬ তম স্থানে রয়েছে, এই তালিকায় প্রথম স্থানে রয়েছে আইসল্যান্ড।

96. (d) সম্প্রতি প্রকাশিত 'A Fly on the RBI Wall: An Insider's view of the Central Bank' নামক গ্রন্থটির রচয়িতা হলেন আল্পনা কিল্লাওয়ালা।

97. (c) ১৭ জুন সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড ক্রোকোডাইল ডে' পালিত হল।

98. (a) সম্প্রতি ইউএনএইচসিআর-এর বিশ্বব্যাপী বিপণন দূত হিসাবে নিযুক্ত হয়েছেন ব্রিটেনের বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা, প্রযোজক থিও জেমস।

99. (a) সম্প্রতি নেলসন ম্যান্ডেলা লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন বিনোদ গানাত্রা।

100. (a) সম্প্রতি ধনলক্ষ্মী ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন অজিত কুমার কে কে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জে কে শিবানে'র স্থলাভিষিক্ত হলেন।

**বিঃদ্রঃ-** 100 নং প্রশ্নের সঠিক উত্তর অপশন (a) হবে। কিন্তু অ্যাচিভার্সের মূল বইয়ে এর উত্তর অপশন (d) দেওয়া আছে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।